

## প্রেস রিলিজ

২৩ নভেম্বর ২০২৫

### অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম বাউবির কৃষি ও পল্লী উন্নয়ন স্কুলের নতুন ডিন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) আইন-১৯৯২ এবং সংশোধনী-২০০৯ অনুযায়ী প্রণীত প্রথম সংবিধির ৬(৩) ধারা মোতাবেক বিশ্ববিদ্যালয়ের কৃষি ও পল্লী উন্নয়ন স্কুলের ডিন হিসেবে অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম-কে নিয়োগ প্রদান করা হয়েছে। তিনি আজ ২৩ নভেম্বর ২০২৫ তারিখে আনুষ্ঠানিকভাবে ডিনের দায়িত্বভার গ্রহণ করেছেন। অধ্যাপক ইসলাম তাঁর উপর অর্পিত দায়িত্বভার সুষ্ঠু ও যথাযথভাবে পালনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। একই সঙ্গে তাঁকে সার্ড (SARD) এর ডিন হিসেবে নিয়োগ দেওয়ায় তিনি বাউবি কর্তৃপক্ষের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। এছাড়াও অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম একাধারে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরি স্কুল পরিচালনা কমিটির সভাপতি এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের হিট প্রকল্পের আওতায় বিশ্ববিদ্যালয় শিক্ষকদের চার মাস মেয়াদী Professioner Development Training কোর্সের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন। এর আগে তিনি সফলভাবে বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি-এর পরিচালক হিসেবে দায়িত্ব পালন করে আসছিলেন। নতুন ডিন হিসেবে তাঁর নেতৃত্বে কৃষি ও পল্লী উন্নয়ন স্কুলের একাডেমিক, গবেষণা এবং উদ্ভাবনী কার্যক্রম আরো গতিশীল ও মানোন্নত হবে বলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আশাবাদ ব্যক্ত করেছে।

মো: খালেকুজ্জামান খান  
পরিচালক (ভারপ্রাপ্ত)